
জুলাই-সেপ্টেম্বর ২০২১

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা




**মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের শুভ উদ্বোধন**




**বঙ্গবন্ধু কর্ণারের শুভ উদ্বোধন**

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা

জুলাই-সেপ্টেম্বর ২০২১ সংখ্যা


**উপদেষ্টামন্ডলী**

**প্রকৌঃ আবু আহমেদ আখতার হোসেন**
নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মাসুদুল ইসলাম**
নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ আব্দুস সামাদ**
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মামুনুর রহমান মন্ডল**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

**প্রকাশক**

**কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল**

**সম্পাদক**

**বিমল চন্দ্র রায়**
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

**সমন্বয়ক**

**প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান**
তত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**সহকারী সম্পাদক**

**আখতার মাহমুদ**
সহকারী ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল

**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
**ফোন:** ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
**ই-মেইল :** info@nwpgcl.org.bd
**ওয়েবসাইট:** www.nwpgcl.gov.bd
**ফেইসবুক পেইজ:**
https://www.facebook.com/NWPGCL/


## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিতভাবে বিভিন্ন প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ এবং বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা 'এনডব্লিউপিজিসিএল বার্তা' প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান-২০১৬ অনুযায়ী ২০২১ সালের মধ্যে ২৪,০০০ মেগাওয়াট, ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে। সরকারের এই অভীষ্ট লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বর্তমান বিশ্ব করোনা মহামারীতে পর্যুদস্ত। এরই ফলাফলে বিশ্বের অর্থনীতি এক বড় চ্যালেঞ্জের মুখোমুখি দাঁড়িয়েছে। আশার সংবাদ হচ্ছে, সারা বিশ্বের অর্থনীতি এক অনাকাঙ্খিত মন্দার মুখোমুখি হলেও বাংলাদেশের অর্থনীতি যথেষ্ট বেগবান। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। করোনা মহামারী সত্ত্বেও এনডব্লিউপিজিসিএল সাফল্যের সাথে কাজ করে যাচ্ছে। যে সাফল্য চিত্র বিদ্যুৎ খাত তথা সমগ্র বাংলাদেশের জন্যেই গর্বের বিষয়। 'এনডব্লিউপিজিসিএল বার্তা' নিয়মিতভাবেই কোম্পানির সাফল্যচিত্র জনগণের সামনে তুলে ধরবে। সকলকে শুভেচ্ছা।

**সম্পাদক**
বিমল চন্দ্র রায়
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল




# কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম মহোদয়ের স্বাগত বক্তব্য

আমি জেনে অত্যন্ত আনন্দিত হয়েছি যে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি কর্তৃক ‘এনডব্লিপিজিসিএল বার্তা’ নামে একটি ত্রৈমাসিক ভার্চুয়াল প্রকাশনা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি বিভিন্ন তথ্যের সমারোহ ঘটবে বলে আমি বিশ্বাস করি। এর মাধ্যমে কোম্পানির বিভিন্ন কর্মকান্ড তুলে ধরা হয়েছে। ‘এনডব্লিপিজিসিএল বার্তা’ এর মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহনের মাধ্যমে উপকৃত হবেন। এছাড়া, এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগনের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এ কাজে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট দপ্তরের সাথে সমন্বয় করা প্রয়োজন। পরিশেষে, ‘এনডব্লিপিজিসিএল বার্তা’ এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি।

# সূচীপত্র


কোম্পানি পরিচিতি ▪ ৩

এক নজরে কোম্পানির কার্যক্রম ▪ ৪

মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের শুভ উদ্বোধন ▪ ৬

এনডব্লিউপিজিসিএল এর বঙ্গবন্ধু কর্ণারের শুভ উদ্বোধন ▪ ৮

জাতীয় শোক দিবস ২০২১ উদযাপন ▪ ১০

জাতির পিতার ৪৬তম শাহাদাতবার্ষিকীতে কোম্পানির সিএসআর কার্যক্রম ▪ ১৩

বিদ্যুৎ উৎপাদন ও সঞ্চালন সংস্থা ক্যাটাগরীতে প্রথম স্থান অর্জন ▪ ১৬

২০১৯-২০ অর্থ বছরের “এপিএ প্রণোদনা পুরস্কার” প্রদান ▪ ১৭

বিদ্যুৎ কেন্দ্রের অগ্নিনির্বাপণ মহড়া ▪ ১৮

# কোম্পানি পরিচিতি




দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে। কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ০৯ (নয়) টি বিদ্যুৎ কেন্দ্র হতে কোম্পানি জাতীয় গ্রীডে ৩০৬৩ মেঃওঃ বিদ্যুৎ সরবরাহ করছে। অল্প সময়ে কোম্পানির আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে।

সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত কোম্পানির বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের ক্ষমতা ৩৫৭৮ মেঃওঃ এবং ভবিষ্যত প্রকল্প সমূহের ক্ষমতা ২৭২২ মেঃওঃ। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে। আশা করা যায়, ২০৩০ সালের মধ্যে কোম্পানি ৯,০০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ এবং কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌশলী এ. এম খোরশেদুল আলম। তাঁদের দৃঢ় ও গতিশীল নেতৃত্বে কোম্পানি এগিয়ে চলছে।

# এক নজরে কোম্পানির কার্যক্রম

## বিদ্যুৎ কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | **সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২ কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪** |
| ২ | খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২৩০ | **সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩ কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬** |
| ৩ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১০ | **সিম্পল সাইকেল: মে ২০১৭ কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭** |
| ৪ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | **ফেব্রুয়ারী ২০১৮** |
| ৫ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | **সিম্পল সাইকেলঃ আগস্ট ২০১৮ কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯** |
| ৬ | মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র | এইচএফও | ১০৫ | **এপ্রিল ২০১৯** |
| ৭ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | **সিম্পল সাইকেলঃ অক্টোবর ২০১৮ কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯** |
| ৮ | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | আমদানিকৃত কয়লা | ১২৪৪ | **১ম ইউনিটঃ মে, ২০২০ ২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০** |
| ৯ | সিরাজগঞ্জ ৭.৬ মেঃওঃ গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | সোলার | ৬ | **২৯ মার্চ ২০২১** |
| | | **বর্তমানে মোট উৎপাদন ক্ষমতা** | **৩০৬৩** | |


## বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ

| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | সম্ভাব্য বাণিজ্যিক উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৮৮০ | ১ম ইউনিট: ফেব্রুয়ারী ২০২৩ ২য় ইউনিট: আগস্ট ২০২৩ |
| ২. | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (২য় পর্যায়) (যৌথ মালিকানা) | আমদানিকৃত কয়লা | ১৩২০ | ৩য় ইউনিট: মে ২০২৪ ৪র্থ ইউনিট: জুন ২০২৪ |
| ৩. | পাবনা ৬০ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা) | সোলার | ৬০ | জুন, ২০২৩ |
| ৪. | সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা) | সোলার | ৬৮ | জুন, ২০২৩ |
| ৫. | পায়রা ৫০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | বায়ু | ৫০ | ডিসেম্বর, ২০২৩ |
| ৬. | পায়রা ৩৬০০ মেঃওঃ এলএনজি টু পাওয়ার প্রকল্প (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | এলএনজি | ১২০০ | ১ম পর্যায় (১২০০ মেঃওঃ)ঃ ডিসেম্বর, ২০২৪ |
| | | **মোট ক্ষমতা** | **৩৫৭৮** | |

## ভবিষ্যৎ প্রকল্পসমূহ

| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিক উৎপাদনের সম্ভাব্য তারিখ |
|---|---|---|---|---|
| ১. | পায়রা ৩৬০০ মেঃওঃ এলএনজি টু পাওয়ার প্রকল্প (যৌথ মালিকানা) | এলএনজি | ২৪০০ | ২য় পর্যায় (১২০০ মেঃওঃ)ঃ ডিসেম্বর, ২০২৭<br>৩য় পর্যায় (১২০০ মেঃওঃ)ঃ ডিসেম্বর, ২০৩০ |
| ২. | নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (যৌথ মালিকানা) | সোলার/উইন্ড | ৩২২ | --- |
| | | **মোট ক্ষমতা** | **২৭২২** | |

## এনডব্লিউপিজিসিএল এর বছর ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা



# মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের শুভ উদ্বোধন




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে গণভবন থেকে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর আওতাধীন মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের শুভ উদ্বোধন করেন। উক্ত বিদ্যুৎ কেন্দ্রটি বাগেরহাটের মোল্লাহাট উপজেলায় অবস্থিত। বিদ্যুৎ কেন্দ্রটির মোট উৎপাদন ক্ষমতা ১০৫ মেঃওঃ। উক্ত বিদ্যুৎ কেন্দ্র হতে বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদন শুরু হয় ১৭ এপ্রিল ২০১৯ তারিখে।




**ফাউন্ডেশন স্টোন, মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র**



**মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র**




কোম্পানির ওয়েবসাইটে মধুমতি বিদ্যুৎ কেন্দ্রের উদ্বোধন সংক্রান্ত সংবাদের লিংক- মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের শুভ উদ্বোধন

# এনডব্লিউপিজিসিএল এর বঙ্গাবন্ধু কর্ণারের শুভ উদ্বোধন




বঙ্গাবন্ধু কর্ণার, এনডব্লিউপিজিসিএল






জনাব নসরুল হামিদ এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, বিজ্বাখস মন্ত্রণালয় ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে
এনডব্লিউপিজিসিএল এর বঙ্গাবন্ধু কর্ণারের শুভ উদ্বোধন ঘোষণা করছেন




নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) মুজিব বর্ষ উপলক্ষে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শন এবং ভবিষ্যত প্রজন্মের নিকট বঙ্গবন্ধুর আদর্শ পৌঁছে দিতে কর্পোরেট অফিসে বঙ্গবন্ধু কর্ণার নির্মাণ করেছে। ২৫ আগস্ট ২০২১ তারিখে ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে উক্ত বঙ্গবন্ধু কর্ণারের শুভ উদ্বোধন করেন জনাব নসরুল হামিদ, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় । উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব হাবিবুর রহমান, মাননীয় সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ও চেয়ারম্যান, এনডব্লিউপিজিসিএল । অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রকৌঃ মোঃ বেলায়েত হোসেন, মাননীয় চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও পরিচালক, এনডব্লিউপিজিসিএল। এছাড়া, বিদ্যুৎ খাতের বিভিন্ন সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ কোম্পানির সম্মানিত পরিচালকবৃন্দও উক্ত অনুষ্ঠানে ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে সংযুক্ত ছিলেন। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের অন্যতম নিবেদন এই ‘বঙ্গবন্ধু কর্ণার’। কোম্পানি আশা করে, এ ধরণের উদ্যোগের ফলে জাতির পিতার অনুকরণীয় জীবনাদর্শ প্রজন্ম থেকে প্রজন্মে ছড়িয়ে যাবে ।



কোম্পানির ওয়েবসাইটে বঙ্গবন্ধু কর্ণারের উদ্বোধন সংক্রান্ত সংবাদের লিংক- বঙ্গবন্ধু কর্ণারের শুভ উদ্বোধন

# জাতীয় শোক দিবস ২০২১ উদযাপন



বিদ্যুৎ ভবনে পুষ্পস্তবক অর্পণ

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান –এর ৪৬তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে বিদ্যুৎ ভবনে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) এর পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান –এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এছাড়া, এনডব্লিউপিজিসিএল এর প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় কর্পোরেট অফিসে নবনির্মিত বঙ্গাবন্ধু কর্ণারে স্থাপিত বঙ্গাবন্ধুর ভাস্কর্যেও পুষ্পস্তবক অর্পণ করেন এবং এ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।




এনডব্লিউপিজিসিএল এর কর্পোরেট অফিসে পুষ্পস্তবক অর্পণ



এনডব্লিউপিজিসিএল এর কর্পোরেট অফিসে দোয়া মাহফিল

কোম্পানির আওতাধীন বিদ্যুৎ কেন্দ্র সমূহেও জাতীয় শোক দিবস ২০২১ যথাযথ মর্যাদায় পালিত হয়। কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রগুলো স্থানীয়ভাবে বিদ্যুৎ বিভাগের নির্দেশনা মোতাবেক এবং স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে জাতীয় শোক দিবসের আয়োজন করে। জাতীয় শোক দিবস উপলক্ষে কোম্পানির বিদ্যুৎ কেন্দ্র সমূহের বিভিন্ন স্থানে শোক দিবসের ফেস্টুন, ব্যানার এবং বঙ্গবন্ধুর বাণীসমূহ ডিজিটাল ডিসপ্লে বোর্ডে প্রদর্শিত হয়।




ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র



সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (হাব)

কোম্পানির আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহের পক্ষ থেকে জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে মসজিদে মিলাদ ও বিশেষ দোয়ার আয়োজন করা হয়। এর পাশাপাশি মসজিদ এবং মাদ্রাসায় খাবার বিতরণ করা হয়। এসব কার্যক্রমে সন্তুষ্ট এলাকাবাসী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধুর আত্মার মাগফেরাত কামনা করে প্রাণভরে দোয়া করে। এছাড়া, তারা কোম্পানির উত্তোরোত্তর সাফল্য কামনা করেও দোয়া করে।






মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের পক্ষ থেকে মসজিদে দোয়া মাহফিল ও খাবার বিতরণ





মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের পক্ষ থেকে মাদ্রাসায় খাবার বিতরণ



কোম্পানির ওয়েবসাইটে জাতীয় শোক দিবস ২০২১ উদযাপন সংক্রান্ত সংবাদের লিংকসমূহ-

- কর্পোরেট অফিস
- সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (হাব)
- খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র
- ভেড়ামারা ৪১০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র
- মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র

# জাতির পিতার ৪৬তম শাহাদাত বার্ষিকীতে কোম্পানির সিএসআর কার্যক্রম

মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা মোতাবেক নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ স্বতস্ফূর্তভাবে মানুষের সহায়তায় এগিয়ে এসেছে। করোনা দুর্যোগকালীন সময়ে অত্র কোম্পানি নিরবিচ্ছিন্নভাবে অসহায় ও কর্মহীন মানুষদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করে আসছে। ২০২১ সালে শোকের মাসে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ.এম. খোরশেদুল আলম এর আন্তরিক উদ্যোগে ও নিবিড় তত্ত্বাবধানে অত্র কোম্পানি করোনায় ক্ষতিগ্রস্ত প্রায় ১৫ হাজার পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করেছে।





সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র





খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র





ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র





মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র





পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র





রুপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প







**জনাব নসরুল হামিদ এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, বিজ্বাখস মন্ত্রণালয় ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে এনডব্লিউপিজিসিএল ও ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি) এর যৌথ উদ্যোগে ত্রাণ বিতরণ কর্মসূচীর উদ্বোধন করছেন**



কোম্পানির ওয়েবসাইটে জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে সিএসআর কার্যক্রম সংক্রান্ত সংবাদের লিংকসমূহ-

- সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (হাব)
- খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র
- ভেড়ামারা ৪১০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র
- মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র
- রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল প্রকল্প

# বিদ্যুৎ উৎপাদন ও সঞ্চালন সংস্থা ক্যাটাগরীতে প্রথম স্থান অর্জন



২০১৯-২০ অর্থবছরের Annual Performance Agreement (APA) এর মূল্যায়নের উপর ভিত্তি করে বিদ্যুৎ বিভাগ কর্তৃক নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) -কে **'বিদ্যুৎ উৎপাদন ও সঞ্চালন সংস্থা'** ক্যাটাগরিতে পুরস্কৃত করা হয়। উক্ত পুরস্কারের স্বীকৃতি স্বরূপ বিদ্যুৎ বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ হাবিবুর রহমান কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম মহোদয়ের হাতে একটি ক্রেস্ট তুলে দেন।

উল্লিখিত পুরস্কার গ্রহণের পর কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ খোরশেদুল আলম কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে বলেন, উক্ত পুরস্কার কারো একক অর্জন নয়। সকলের সম্মিলিত প্রচেষ্টাতেই এনডব্লিউপিজিসিএল এ গৌরব অর্জন করেছে। তিনি বলেন, ভবিষ্যতেও এরূপ সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখতে হবে।



কোম্পানির ওয়েবসাইটে বিদ্যুৎ উৎপাদন ও সঞ্চালন সংস্থা ক্যাটাগরীতে পুরস্কার অর্জন সংক্রান্ত সংবাদের লিংক- ২০১৯-২০ অর্থবছরের এপিএ পুরস্কার অর্জন

# ২০১৯-২০ অর্থ বছরের “এপিএ প্রণোদনা পুরস্কার” প্রদান




নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় কোম্পানির ২০১৯-২০ অর্থ বছরের এপিএ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ “এপিএ প্রণোদনা পুরস্কার” প্রদান করেন।

২০১৯-২০ অর্থ বছরের “এপিএ প্রণোদনা পুরস্কার” লাভ করেন- জনাব মোহাম্মদ মোশাররফ হোসেন, প্রধান প্রকৌশলী (প্ল্যান্ট ম্যানেজার), ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র; জনাব মুহাম্মদ সাইফুদ্দীন আহসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), কর্পোরেট অফিস; জনাব শফিকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ সংরক্ষণ), খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র; জনাব মোঃ তারিকুর রহমান, সহকারী প্রকৌশলী, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট); জনাব শিশির বর্ধন, সহকারী প্রকৌশলী, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) এবং জনাব মোঃ ইব্রাহীম হোসেন, সহকারী প্রকৌশলী, মধুমতি ১০০ মেঃওঃ এইচএফও ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র। উল্লেখ্য, কোভিড মহামারির কারণে কর্পোরেট অফিসে কর্মরত জনাব মুহাম্মদ সাইফুদ্দীন আহসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি) ব্যতীত অন্যান্য পুরস্কারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দকে অনলাইনে শুভেচ্ছা জ্ঞাপন করা হয়।







কোম্পানির ওয়েবসাইটে এপিএ প্রণোদনা পুরস্কার প্রদান সংক্রান্ত সংবাদের লিংক- <u>২০১৯-২০ অর্থবছরের এপিএ পুরস্কার প্রদান</u>

# বিদ্যুৎ কেন্দ্রের অগ্নি-নির্বাপণ মহড়া

কোম্পানির কেপিআই নিরাপত্তা পরিকল্পনার আওতায় বিদ্যুৎ কেন্দ্র সমূহের অগ্নিঝুঁকি হ্রাসকল্পে নিয়মিত অগ্নি-নির্বাপণী ব্যবস্থাসমূহের (ফায়ার এক্সটিংগুইশার, হোজ পাইপ ও অন্যান্য যন্ত্রপাতি) কার্যকারিতা যাচাই করতঃ প্রতিমাসে অগ্নি-নির্বাপণী মহড়ার আয়োজন করা হয়।

**বিদ্যুৎ কেন্দ্র সমূহে আয়োজিত অগ্নি-নির্বাপণী মহড়ার কিছু ছবি**









